বাংলাদেশ হাইকমিশন, সিঙ্গাপুর
(পাসপোর্ট ও ভিসা উইং)

পাসপোর্ট নবায়ন/রি-ইস্যুর নিয়মাবলী ও প্রয়োজনীয় তথ্যাবলী

পাসপোর্ট নবায়নের জন্য নিম্নবর্ণিত ডকুমেন্টসমূহ সঙ্গে নিয়ে আসতে হবে এবং আবেদনপত্র হাইকমিশনের (৪র্থ তলা) অফিস কাউন্টারে জমা দিতে হবে :

১. **মূল পাসপোর্ট**
২. পাসপোর্ট নবায়নের জন্য পূরণকৃত আবেদন ফর্ম
৩. বর্তমান পাসপোর্টের (২ ও ৩ নং পৃষ্ঠার) ফটোকপি
৪. ওয়ার্ক পারমিট/স্পেশাল পাস/এমপ্লয়মেন্ট পাস/আই সি-এর (উভয় পৃষ্ঠার) ফটোকপি

হারানো পাসপোর্টের ক্ষেত্রে এবং নবজাতক সন্তানের নতুন পাসপোর্টের জন্য আলাদাভাবে দেওয়া নিয়মাবলী অনুসরণ করতে হবে।

পাসপোর্ট নবায়ন ফি ও সময়কাল :

সাধারণ ফি ১৫৫ সি.ড (একশত পঞ্চান্ন সিঙ্গাপুর ডলার মাত্র)– প্রসেসিং সময়কাল ৭–৮ সপ্তাহ; জরুরী ফি ৩১০ সি.ড (তিনশত দশ সিঙ্গাপুর ডলার মাত্র)– প্রসেসিং সময়কাল ৩–৪ সপ্তাহ; আবেদন জমা প্রদানের সময় পাসপোর্ট নবায়ন ফি অফিস কাউন্টারে শুধুমাত্র NETS-এর মাধ্যমে প্রদান করতে হবে। আবেদনকারীর বর্তমান পাসপোর্টের কোন তথ্য সংশোধন, ফিঙ্গার প্রিন্ট সমস্যা, পুলিশ ভেরিফেকেশন ইত্যাদি কারণে পাসপোর্ট প্রসেসিং সময়কাল স্বাভাবিকের তুলনায় বেশী হয়ে থাকে।

পাসপোর্ট নবায়নের আবেদন ফরম :

হাইকমিশনের ওয়েব সাইটে (www.bdhc.sg)/হাইকমিশনের Facebook পেজ (Bangladesh High Commission, Singapore) থেকে ডাউনলোডপূর্বক তা প্রিন্ট করে পূরণ করতে হবে; আবেদন ফরম অফিস কাউন্টার থেকে নিয়েও পূরণ করে জমা দেওয়া যাবে। আবেদনের সাথে কোন ছবি জমা দেওয়ার প্রয়োজন নেই।

পাসপোর্টের আবেদন জমা প্রদান ও নতুন পাসপোর্ট সংগ্রহের সময়সীমা :

পাসপোর্ট নবায়নের আবেদন জমা প্রদান	নতুন পাসপোর্ট সংগ্রহের সময়কাল
সকাল ৯:৩০ টা থেকে দুপুর ১২:৩০টা পর্যন্ত	দুপুর ২:০০ টা থেকে বিকাল ৪:৩০টা পর্যন্ত

(সাপ্তাহিক ছুটি ও অন্যান্য সরকারি ছুটির দিন ব্যতীত সোমবার হতে শুক্রবার)

বর্তমান পাসপোর্টের তথ্য সংশোধন :

বর্তমান পাসপোর্টের কোন তথ্য পরিবর্তন/সংযোজন/সংশোধনের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রমাণপত্র [যেমন–এসএসসি/সমমান সার্টিফিকেট/জাতীয় পরিচয়পত্র (এনআইডি)/প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট কোর্টে সম্পাদিত এ্যাফিডেভিট/জন্ম সনদ/ম্যারেজ সার্টিফিকেট/নিকাহ্‌নামা/তালাকনামা ইত্যাদি– যে ক্ষেত্রে যেটি প্রযোজ্য] আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।

অথরাইজেশন লেটার

COVID-19 এর জন্য আইসোলেশন কিংবা কোয়ারেন্টাইন বা অন্য কোন বিধি-নিষেধের কারণে কেউ নিজে আসতে না পারলে **অথরাইজেশন লেটারসহ** আবেদনকারীর পক্ষে নিজ কোম্পানীর মনোনীত কোন ব্যক্তি মূল পাসপোর্টসহ বাংলাদেশ হাইকমিশনে এসে পাসপোর্ট নবায়নের আবেদন জমা দিতে পারবেন অথবা নতুন পাসপোর্ট সংগ্রহ করতে পারবেন। নতুন পাসপোর্ট সংগ্রহের সময় **মূল পাসপোর্ট ও কালেকশন স্লিপ** অবশ্যই সঙ্গে আনতে হবে।

আবেদন জমা প্রদানের জন্য এপয়ন্টমেন্ট গ্রহণ

পাসপোর্ট নবায়নের আবেদন জমা প্রদানের জন্য ভীড় পরিহার করতে আগে থেকেই হাইকমিশনের ওয়েব সাইট (www.bdhc.sg) হতে এপয়ন্টমেন্ট করে আসার জন্য অনুরোধ করা হলো। অধিক লোকসমাগম পরিহার করার লক্ষ্যে অফিস থেকে আপাতত কোন ডকুমেন্ট ফটোকপি করে দেওয়া সম্ভব হয় না, তাই ***প্রয়োজনীয় ডকুমেন্ট ফটোকপিসহ আবেদনপত্র আগে থেকেই প্রস্তুত*** **(READY)** ***করে আনতে হবে।*** ওয়ার্ক পারমিটধারীরা ডকুমেন্ট ফটোকপিসহ আবেদনপত্র প্রস্তুত করার ক্ষেত্রে তাদের নিজ নিজ কোম্পানীর অফিসের সহায়তা নিতে পারেন।

BANGLADESH HIGH COMMISSION, SINGAPORE
(Passport & Visa Wing)

Procedure & Necessary Information for Passport Renewal/Re-issue

You need to bring the following documents for renewal of Bangladesh Passport and application has to be submitted at the office counter of the High Commission (Level-4) :

1. **Original passport**
2. Filled-in Application Form for Passport Reissue/Renewal
3. Photocopy of current passport (page 2 & 3) and
4. Photocopy (both sides) of Work permit/Employment Pass/IC

For lost passport and passport for a new-born baby, you need to follow different procedures given separately.

Passport Renewal Fee & Processing Time :

Regular fee S$155/= (Singapore Dollar one hundred and fifty-five), processing time 7 to 8 weeks; Express service S$310/= (Singapore Dollar three hundred and ten), processing time 3 to 4 weeks; fees to be paid at the office counter *through NETS only* during submission of renewal application. Due to any correction in existing passport information, fingerprint problem, police verification etc. processing time might be longer than usual cases.

Application Form for Passport Reissue/Renewal :

Application Form can be downloaded from the official website of the Bangladesh High Commission (www.bdhc.sg) or Facebook page of the Bangladesh High Commission (Bangladesh High Commission, Singapore). Application Form can also be collected from the office counter during submission. No photo is required with application form.

Office Time for Application Submission & Collection of New Passport :

Submission of passport renewal application	Collection of New Passports
9:30 am to 12:30 pm	2:00 pm to 4:30pm

(From Monday to Friday except on weekly holidays and other public holidays)

Change of information in existing passport :

For any change/addition/correction of information in the existing passport, related supporting documents [e.g. Secondary School Certificate/equivalent certificate/National Identity Card (NID)/Affidavit endorsed by First Class Magistrate Court/Birth Registration Certificate/Marriage Certificate/Nikahnama/Divorce Certificate etc. applicable for respective case] need to be submitted along with the application form.

Authorization Letter :

If someone cannot come in person due to isolation or quarantine or any other restriction for COVID-19, company personnel/anybody on behalf of the company can come in person to the High Commission (Level-4) with an **Authorization Letter** to submit the passport renewal application or collection of new passport. For collection of a new passport, you need to bring **Original current passport** and collection slip.

Making Appointment for Application Submission :

Please make an appointment in advance from our website (www.bdhc.sg) before coming/sending someone to submit passport renewal application at the High Commission to void over crowd. As photocopy services will not be possible to provide for some restrictions, it is requested ***to bring all necessary documents ready before coming for submission.*** Work permit holders may take support from their respective company office for photocopy or printing of the application documents.

--